


এই শতাব্দীর সাপ্তাহিক
২০০০



7 el 48 ms lv 22 Grcj 2005

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

সিনিয়র প্রতিবেদক
জয়ন্ত আচার্য
বদরুল আলম নাভিল

প্রতিবেদক
আসাদুর রহমান, জব্বার হোসেন
রুহুল তাপস, সাজেদুর রহমান

সহযোগী প্রতিবেদক
হাসান মর্তোজা

কার্টুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন, পারভীন তানী
জাহাঙ্গীর আলম জুয়েল

প্রতিনিধি
সুমি খান চট্টগ্রাম
মামুন রহমান যশোর

বিদেশ প্রতিনিধি
জসিম মল্লিক কানাডা
মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক
নাসিম আহমেদ ওয়াশিংটন
নাজমুননেসা পিয়ারী বার্লিন
কাজী ইনসান টোকিও

প্রযুক্তি বিভাগ প্রধান
শাহরিয়ার ইকবাল রাজ

প্রধান গ্রাফিক্স ডিজাইনার
নূরুল কবীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব
আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএস : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে
মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত ও
ট্রাঙ্কক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

দেশের ক্রমবিকাশমান ওষুধশিল্প পার্শ্ববর্তী দেশ থেকে চোরাইপথে আসা ও দেশের নকল ওষুধের জন্য ক্রমেই হুমকির মধ্যে পড়ছে। গত অর্থ বছরে দেশের ওষুধ কোম্পানিগুলো ৪ হাজার ৪০০ কোটি টাকার ওষুধ বিক্রি করেছে। এ শিল্প ইতিমধ্যে গড়ে বছরে প্রায় ২৫০ কোটি টাকার ওষুধ রপ্তানি করেছে। রপ্তানিমুখী একটি শিল্পে পরিণতি হচ্ছে। এ শিল্পকে টিকিয়ে রাখার জন্য এখন সবচেয়ে প্রয়োজন চোরাচালান বন্ধ করা।

দেশে গড়ে উঠেছে বেশ কিছু নকল ওষুধের কারখানা। এ কারখানাগুলোতে দেশের প্রতিষ্ঠিত কিছু কোম্পানির ওষুধ নকল হচ্ছে। মিটফোর্ডের ওষুধ মার্কেট থেকে তা ছড়িয়ে পড়ছে সারা দেশে। ফলে জনপ্রিয় ওষুধ কোম্পানির সুনাম নষ্ট হচ্ছে। এ কারণে এসব কোম্পানির ওষুধ রপ্তানিও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

সবচেয়ে ভয়াবহ ঘটনা হচ্ছে দেশে অবৈধভাবে যৌন উত্তেজনার বিভিন্ন ওষুধ আসছে। ভয়াব্ধ বিক্রি হিসেবে মায়াজা, নায়াজা বিক্রি হচ্ছে। ভারত থেকে আসা এই ওষুধগুলোর চাহিদা বাড়ছে। অথচ এই ওষুধগুলো ডাক্তারের পরামর্শ ছাড়াই তরুণ সমাজ ব্যবহার করছে। বিশেষজ্ঞদের মতে, তারা অজান্তেই জড়িয়ে পড়ছে নানা ব্যাধিতে। এতে বড় ধরনের পার্শ্বপ্রতিক্রিয়া হবার সম্ভাবনা রয়েছে। প্যারালাইসড, যৌন অক্ষমতা, বুদ্ধিহীনতার মতো ভয়াবহ রোগে আক্রান্ত হচ্ছে। ওষুধ বিশেষজ্ঞরা ধারণা করছেন এ দেশের ওষুধ আগামীতে এশিয়া ও আফ্রিকার বিভিন্ন দেশে রপ্তানি হতে পারে। এ খাত থেকে ১০ হাজার কোটি টাকার বৈদেশিক মুদ্রা আয় হতে পারে। এ শিল্প হয়ে উঠতে পারে বড় রপ্তানির খাত। এ জন্য দেশের গড়ে ওঠা ওষুধ শিল্পকে সরকারের পৃষ্ঠপোষকতা দিতে হবে। বন্ধ করতে হবে সীমান্ত দিয়ে আসা অবৈধ চোরাচালান। ওষুধ চোরাচালানের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে।

সাভারের পলাশবাড়িতে ৯ তলা বিল্ডিং বিধ্বস্ত হয়ে প্রাণ হারালো গার্মেন্টস শ্রমিকেরা। বিল্ডিংটির চারতলা ফাউন্ডেশনের ওপর ৯ তলা করা হলো। দীর্ঘদিন ধরে এ বিল্ডিংয়ে গার্মেন্টস গড়ে ওঠে। অথচ রাষ্ট্রীয় সব কর্তৃপক্ষ ছিল নীরব। এখন একে অপরের ওপর দায়ভার চাপাচ্ছে। এ মৃত্যুর ভার কেউ নিতে রাজি নয়। দায়হীন ব্যর্থতায় এমন স্বজন হারানো আহাজারি আর কতো দিন এ দেশের মানুষকে শুনতে হবে!

